77

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 12 OCT 1998 ...
পৃঃ ২ ... কলাম ... ৪ ...

# প্রেসিডেন্টের নিকট ছাত্রদলের স্মারকলিপি পেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রদল গতকাল (রবিবার) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রী সম্ভ্রমহানিকারী ১৩ জন ছাত্রকে গ্রেফতার ও শাস্তির দাবী জানাইয়া বঙ্গভবনে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও

(২য় পৃষ্ঠায় ৮-এর কঃ দ্রঃ)

## স্মারকলিপি পেশ

(প্রথম পৃষ্ঠার পর)

প্রেসিডেন্ট সাহাবুদ্দীন আহমদের নিকট স্মারকলিপি পেশ করিয়াছে। স্মারকলিপি প্রদানের লক্ষ্যে গতকাল দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস হইতে ছাত্র দলের বঙ্গভবন অভিমুখী একটি মিছিল বাহির করা হয়। শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি ও হাবিব উন নবী সোহেলের নেতৃত্বে মিছিলটি দোয়েল চত্বর, প্রেসক্লাব, জিরো পয়েন্ট ও স্টেডিয়াম ঘুরিয়া রাজউক ভবনের সন্নিকটে পৌছাইলে পুলিশ বাধা দেয়। পরে এইস্থানে অনুষ্ঠিত সমাবেশে ছাত্র নেতৃবৃন্দ বলেন, ছাত্রী ধর্ষণকারী ১৩ ছাত্রলীগ ক্যাডারকে গ্রেফতার ও শাস্তি না দিলে দেশ ভয়াবহ পরিণামের দিকে যাইবে। সমাবেশে বক্তব্য রাখেন দলের সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, সাধারণ সম্পাদক হাবিবুন নবী সোহেল, ছাত্রনেতা নাসির উদ্দিন পিন্টু, মঞ্জুর এলাহী, মোশাররফ হোসেন, মোজাফফর হোসেন জাকির, হেলেন জেরিন খান, নূরুজ্জামান, সাইফুল আলম নীরব, রফিক সিকদার, কাজী রফিক, সেলিমুজ্জামান সেলিম, আওয়াল খান, আব্দুল খালেক হাওলাদার প্রমুখ।

সমাবেশ চলাকালে প্রেসিডেন্টের পিএস আসিয়া স্মারকলিপি গ্রহণ করেন। স্মারকলিপিতে বলা হয়, জাহাঙ্গীরনগরের ধর্ষণকারী ১৩ জন চিহ্নিত ছাত্রলীগ ক্যাডারের সমস্ত সনদপত্র বাতিলসহ গ্রেফতার করিয়া প্রচলিত নারী নির্যাতন আইনে তাহাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। দেশের শিক্ষাঙ্গনসমূহে এই সকল জঘন্য কর্মকান্ড ও সন্ত্রাসের কারণে বিভিন্ন সময়ে আপনি ছাত্ররাজনীতি সম্পর্কে নেতিবাচক মন্তব্য করেন। ছাত্র রাজনীতি বন্ধ নহে বরং দেশব্যাপী ছাত্রলীগের এই সকল অপকর্ম ও সন্ত্রাসের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইলে ছাত্ররাজনীতি কলুষমুক্ত হইবে।